## মূল বইয়ের অতিরিক্ত অংশ

# ষষ্ঠ অধ্যায়: ব্যবসায় পরিকল্পনা

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶ ১** মি. জামাল একটি ফাস্ট ফুডের দোকান প্রতিষ্ঠা করেন। কিন্তু ক্রমাগত লোকসান হওয়ায় পরিকল্পনা অনুযায়ী ব্যবসায় পরিবর্তন করে মুদির দোকান দিলেন। ব্যবসায় পরিবর্তন ও লোকসানের জন্য তাকে ব্যাংক ঋণ নিতে হয়েছে। বর্তমানে তার মুদির দোকান লাভজনক অবস্থায় আছে। ◀ *শিখনফল-১ ও ২*

ক. পরিকল্পনা কী? ১

খ. পরিকল্পনাকে ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. মি. জামালকে নতুন ব্যবসায়ের বিপণন পরিকল্পনায় কী কী বিষয় বিবেচনায় আনতে হবে? বর্ণনা করো। ৩

ঘ. ব্যবসায় পরিকল্পনার গুরুত্ব অনুচ্ছেদের আলোকে মূল্যায়ন করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** ভবিষ্যতে কোন কাজ কীভাবে করতে হবে তার সুনির্দিষ্ট দিকনির্দেশনা হলো পরিকল্পনা।

**খ** ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি হলো পরিকল্পনা।

এটি একটি লিখিত দলিল। এতে ব্যবসায়ের ভবিষ্যৎ লক্ষ্য, প্রকৃতি, ব্যবস্থাপনার ধারা, অর্থায়নের উপায়, বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়। ব্যবসায় কোন দিকে সম্প্রসারিত হবে ও কীভাবে ব্যবসায়ে সাফল্য অর্জন করা যাবে তার সুনির্দিষ্ট দিকনির্দেশনা ব্যবসায় পরিকল্পনায় পাওয়া যায়। তাই পরিকল্পনাকে ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি বলা হয়।

**গ** মি. জামালকে নতুন ব্যবসায়ের বিপণন পরিকল্পনায় বাজার চাহিদা ও বাণিজ্যিক দিক বিবেচনায় আনতে হবে।

বাজার জরিপ ও গবেষণার মাধ্যমে বাজার চাহিদা নির্ণয় করা হয়। অন্যদিকে, বাজার বিশ্লেষণের মাধ্যমে ভবিষ্যৎ পণ্যের বিক্রয়মূল্য ও প্রকল্পের আনুমানিক লাভ নির্ণয় করা যায়। এটি বিপণনের বাণিজ্যিক দিক।

উদ্দীপকের মি. জামাল একটি ফাস্ট ফুডের দোকান প্রতিষ্ঠা করেন। কিন্তু ক্রমাগত লোকসান হওয়ায় তিনি ব্যবসায় পরিবর্তন করে মুদি দোকান দেন। বর্তমানে তার ব্যবসায় লাভজনক অবস্থায় আছে। তার এ নতুন ব্যবসায়ের বাজার চাহিদা নির্ণয় করতে হবে। এজন্য তিনি বাজার জরিপ ও গবেষণার মাধ্যমে পণ্যের চাহিদা, ক্রেতাদের দৃষ্টিভঙ্গি প্রভৃতি সম্পর্কে জানতে পারেন। এছাড়া তিনি বাণিজ্যিক দিক বিশ্লেষণের মাধ্যমে ব্যবসায়ের লাভের সম্ভাবনাও নির্ণয় করতে পারেন। এ বিষয়গুলো বিবেচনা করলে তিনি ক্রেতা সন্তুষ্টি অর্জন করতে পারবেন। সুতরাং, মি. জামালের উচিত বাজার জরিপ ও বাণিজ্যিক দিকের প্রতি গুরুত্ব দেওয়া।

**ঘ** মি. জামালের ব্যবসায়ের আলোকে বলা যায়, ব্যবসায় পরিকল্পনা সাফল্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পরিকল্পনা ব্যবসায়ের ভবিষ্যৎ কাজের প্রতিচ্ছবি। এর মাধ্যমে ব্যবসায়ের লক্ষ্য, প্রকৃতি, ব্যবস্থাপনার ধরন, অর্থায়নের ধারা, বর্তমান ও ভবিষ্যৎ উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়।

উদ্দীপকের মি. জামাল প্রথমে একটি ফাস্ট ফুডের দোকান দেন। কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে ব্যবসায়ে তিনি ক্ষতির সম্মুখীন হন। পরবর্তীতে মুদি দোকান দিয়ে তিনি সফলতা পান। তবে ব্যবসায় পরিবর্তন ও লোকসানের জন্য তাকে ব্যাংক ঋণ নিতে হয়েছে। তিনি কোনো পরিকল্পনা ছাড়াই ফাস্ট ফুডের দোকান দিয়েছিলেন। এতে কীভাবে ব্যবসায়ে অর্থ আসবে ও কারা তার ক্রেতা, এগুলো সঠিকভাবে নির্ধারণ না করায় তাকে ব্যাংক ঋণ নিতে হয়েছিল। তবুও তিনি লোকসানের সম্মুখীন হন। পরবর্তীতে তিনি পরিকল্পনা করে একটি মুদি দোকান দেন এবং সফলতা পান। অতএব, পরিকল্পনা হলো ব্যবসায়ের দিকনির্দেশক।

**প্রশ্ন ▶ ২** গফুর সাহেব একজন উদ্যোক্তা। তিনি বাজার চাহিদা, কারিগরি দিক বিবেচনা করে সঠিকভাবে একটি ব্যবসায় প্রকল্প নির্বাচন করতে চান। এজন্য তিনি ব্যবসায় প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়নের পদক্ষেপগুলো বিশ্লেষণ করেন। ◀ *শিখনফল-২*

ক. ব্যবসায় পরিকল্পনা কী? ১

খ. ব্যবসায় পরিকল্পনার দুইটি গুরুত্ব বর্ণনা করো। ২

গ. প্রকল্প ধারণা চিহ্নিতকরণ ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রকল্প নির্বাচনে মাইক্রোস্ক্রিনিং-এর উপাদানগুলো আলোচনা করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায় পরিকল্পনা হলো একটি লিখিত দলিল; যাতে ব্যবসায়ের লক্ষ্য, প্রকৃতি, ব্যবস্থাপনার ধারা, অর্থায়নের উপায়, বর্তমান ও ভবিষ্যৎ উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়।

**খ** ব্যবসায় পরিকল্পনার দুইটি গুরুত্ব হলো ব্যবসায় পরিচালনার দিক-নির্দেশনা দেওয়া এবং মূলধন সংগ্রহ ও বিনিয়োগে সহায়তা করা।

ব্যবসায়ের পরিকল্পনায় ব্যবসায়ের লক্ষ্য অর্জনের জন্য কখন, কী কাজ, কীভাবে করা হবে; সে বিষয়ে দিকনির্দেশনা থাকে। ফলে এটি উদ্যোক্তার কাছে দিকনির্দেশক দলিল হিসেবে কাজ করে। এছাড়া এতে ভবিষ্যতে ব্যবসায়ে আরও মূলধন প্রয়োজন হবে কিনা তা-ও উল্লেখ থাকে। এতে একজন উদ্যোক্তার কতটুকু মূলধন প্রয়োজন এবং ভবিষ্যতের চাহিদা সম্পর্কে ব্যবসায় শুরুর আগেই জানতে পারে। তাই ব্যবসায় পরিকল্পনা ব্যবসায় পরিচালনায় খুবই গুরুত্বপূর্ণ।

**গ** উদ্যোক্তা গফুর সাহেবের প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়ার শুরু হয় প্রকল্প ধারণা অনুভব করা থেকে।

একজন উদ্যোক্তা তার পরিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে প্রকল্প ধারণা চিহ্নিত করতে পারে। এছাড়া নিজের শখ বা আগ্রহ, নিজের কল্পনা, গবেষণামূলক প্রতিবেদন প্রভৃতি থেকে উদ্যোক্তা প্রকল্প ধারণা পেতে পারেন।

উদ্দীপকের গফুর সাহেব একজন উদ্যোক্তা তিনি বাজার চাহিদা ও কারিগরি দিক প্রভৃতি বিবেচনা করে প্রকল্প নির্বাচন করতে চান। এজন্য প্রথমে তাকে প্রকল্প ধারণা চিহ্নিত করতে হবে। এক্ষেত্রে তার নিজের শখ বা আগ্রহ আছে, এমন কিছু থেকে তিনি প্রকল্প বিষয়ে ধারণা পেতে পারেন। এছাড়া বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রকাশনা, অর্থনৈতিক ও গবেষণামূলক প্রতিবেদন থেকেও প্রকল্প বিষয়ে ধারণা পেতে পারেন। প্রকল্প ধারণা চিহ্নিত করার পর তা মূল্যায়নে বাজার চাহিদা, কারিগরি দিক প্রভৃতিও বিবেচনা করতে হয়। সুতরাং, গফুর সাহেবকে প্রথমে প্রকল্প ধারণা চিহ্নিত করতে হবে।

**ঘ** সঠিক প্রকল্প নির্বাচনে উদ্দীপকের গফুর সাহেবকে মাইক্রোস্ক্রিনিং করতে হবে।

মাইক্রোস্ক্রিনিং-এ বাজার চাহিদা, কারিগরি, বাণিজ্যিক ও আর্থিক দিক প্রভৃতি বিবেচনা করে প্রকল্পের সম্ভাবনা যাচাই করা হয়। এর উপাদানগুলো প্রকল্প ধারণার ওপর সরাসরি প্রভাব বিস্তার করে।

উদ্দীপকের গফুর সাহেব একজন উদ্যোক্তা। তিনি বাজার চাহিদা, কারিগরি দিক প্রভৃতি বিবেচনা করে সঠিকভাবে একটি ব্যবসায় প্রকল্প নির্বাচন করতে চান। কারণ এ বিষয়গুলোর মাধ্যমে একটি প্রকল্পের সম্ভাবনা সম্পর্কে অনুমান করা যায়।

ব্যবসায় প্রকল্পের ক্ষেত্রে কিছু বিষয় একটি অন্যটিকে সরাসরি প্রভাবিত করে। যেমন— প্রকল্পের বাজার চাহিদা, কারিগরি, আর্থিক দিক প্রভৃতি। বাজার চাহিদা, বাজার জরিপ ও গবেষণার মাধ্যমে এগুলো নির্ণয় করা যায়। এছাড়া উৎপাদন প্রক্রিয়া, যন্ত্রপাতি নির্বাচন প্রভৃতি কারিগরি দিক আলোচনা করা যায়। এক্ষেত্রে উৎপাদন প্রক্রিয়া, যন্ত্রপাতি নির্বাচন কারিগরি দিকে আলোচনা করা হয়। এছাড়া বাণিজ্যিক দিকে প্রকল্পের লাভজনকতা পরিমাপ করা হয়। আর্থিক দিকে প্রকল্প বাস্তবায়নে সম্ভাব্য খরচ পরিমাপ করা হয়। এ বিষয়গুলো নিয়েই মাইক্রোস্ক্রিনিং করা হয়। অতএব, সঠিক প্রকল্প নির্বাচনে মাইক্রোস্ক্রিনিং-এর উপাদানগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**প্রশ্ন ▶৩** মি. রাফিন একজন ব্যবসায়ী। তিনি চান তার ব্যবসায়কে আরও বড় করতে। আর সেজন্য তিনি একটি পরিকল্পনা করেন। পরিকল্পনা মাফিক কাজ করে তিনি একজন সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেন। তার জীবনে পরিকল্পনার গুরুত্ব অপরিসীম। লক্ষ্য ঠিক রেখেই জীবনে পরিকল্পনা করতে হবে। ◀ *শিখনফল-১*

ক. নৈতিকতা শব্দটি কোন শব্দ থেকে উদ্ভব হয়েছে? ১
খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ কাকে বলে? বুঝিয়ে লেখো। ২
গ. 'সফলতার চাবিকাঠি ব্যবসায় পরিকল্পনা'— উদ্দীপকের আলোকে বর্ণনা করো। ৩
ঘ. মি. রাফিন ব্যবসায়ে পরিকল্পনার যে গুরুত্ব বুঝাতে চেয়েছেন তা আলোচনা করো। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** নৈতিকতা শব্দটি ইথস (Ethos) শব্দ থেকে উদ্ভব হয়েছে।

**খ** সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থা, যেখানে প্রতিষ্ঠানের আয়-ব্যয় সমান হয়।

এ বিশ্লেষণের মাধ্যমে জানা যায়, কী পরিমাণ পণ্য বিক্রি করলে ব্যবসায়ে লোকসান হবে না। এছাড়া এ বিন্দু বিশ্লেষণের মাধ্যমে পণ্যের মূল্য ও বিক্রির পরিমাণ নির্ধারণ করা সহজ হয়। আবার, এর মাধ্যমে মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বাড়ানোর কার্যক্রম নেওয়া যায়। তাই ব্যবসায়ে সম আয়-ব্যয় বিশ্লেষণ প্রয়োজন।

**গ** ব্যবসায়ে সফলতার চাবিকাঠি হলো ব্যবসায় পরিকল্পনা।

পরিকল্পা হচ্ছে ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি। এটি একটি লিখিত দলিল। এর মধ্যে ব্যবসায়ের লক্ষ্য, প্রকৃতি, ব্যবস্থাপনার ধারা, অর্থায়নের উপায়, বর্তমান অবস্থা ও ভবিষ্যতের উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়। ব্যবসায়কে লক্ষ্যের দিকে এগিয়ে নিতে পরিকল্পনাই দিক-নির্দেশনা হিসেবে কাজ করে।

উদ্দীপকের মি. রাফিন একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়কে আরও বড় করতে চান। তাই তিনি একটি পরিকল্পনা তৈরি করেন। পরিকল্পনা অনুযায়ী সব কাজ (সংগঠন, নির্দেশনা, প্রেষণা ও নিয়ন্ত্রণ) করার মাধ্যমে তিনি একজন সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেন। এর মাধ্যমে ব্যবসায়ের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারিত হয়। এতে কীভাবে লক্ষ্যের দিকে আগাতে হতে হবে তার একটি ছক বা প্রতিচ্ছবি তৈরি করা হয়। পরিকল্পনা অনুযায়ী কাজ না হলে নিয়ন্ত্রণের মাধ্যমে তা সংশোধন করা হয়। এরপর তিনি সংশোধনের আলোকে আবার নতুন পরিকল্পনা নেন। সুতরাং, পরিকল্পনাই মি. রাফিনের জীবনে সফলতার চাবিকাঠি।

**ঘ** মি. রাফিন ব্যবসায়ে পরিকল্পনার যে গুরুত্ব বুঝাতে চেয়েছেন তা সাফল্য অর্জনে ইতিবাচক ভূমিকা রাখে।

ব্যবসায় পরিকল্পনা হচ্ছে ভবিষ্যৎ কাজের প্রতিচ্ছবি। এটি ব্যবসায় পরিচালনার দিকনির্দেশনা হিসেবে কাজ করে। পরিকল্পনার ওপর ভিত্তি করেই ব্যবসায়ীরা মূলধন সংগ্রহ ও বিনিয়োগ করে থাকে।

উদ্দীপকের মি. রাফিন একজন ব্যবসায়ী। তিনি ব্যবসায় সম্প্রসারণের জন্য একটি পরিকল্পনা তৈরি করেন। তিনি সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেন। এজন্য তার ব্যবসায়ে পরিকল্পনার গুরুত্ব অপরিসীম।

সুষ্ঠুভাবে কাজ করার মাধ্যমে ব্যবসায় শুরু করে অভীষ্ট লক্ষ্য অর্জন সম্ভব। ব্যবসায় পরিচালনার দিকনির্দেশনা মি. রাফিন পরিকল্পনায় লিপিবদ্ধ রাখেন। ব্যবসায় সম্প্রসারণে প্রয়োজনীয় মূলধন সংগ্রহ ও কোন ক্ষেত্রে তা বিনিয়োগ করতে হবে তা পরিকল্পনায় লিপিন্ধ করা হয়। এটি যেকোনো সিদ্ধান্ত নিতে মি. রাফিনকে সহায়তা করেছে। এ কারণে তিনি সহজেই সফলতা অর্জন করেছেন। অতএব, ব্যবসায় পরিচালনার দিকনির্দেশনা ও ব্যবস্থাপনার সব স্তরে সিদ্ধান্ত নিতে পরিকল্পনা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৪** সুমি চিপস তৈরির জন্য একটি কারখানা স্থাপন করছিল। তিনি দক্ষ শ্রমিক নিয়োগ দিয়ে মানসম্মত চিপস উৎপাদন করলেন। চিপসের উৎপাদন খরচ ভালোভাবে নির্ণয় না করে তিনি বিক্রয়মূল্য বেশি ঠিক করলেন। চিপস বিক্রি বেশি না হওয়ায় বছর শেষে তিনি লোকসানের সম্মুখীন হলেন। ◀ *শিখনফল-২*

ক. কয়টি পদ্ধতির মাধ্যমে ধারণাগুলো মূল্যায়ন করে প্রকল্প নির্বাচন করা হয়? ১
খ. সামষ্টিক পরিবেশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. সুমি মাইক্রোস্ক্রিনিং-এর কোন দিকটি উপেক্ষা করেছেন তা বর্ণনা করো। ৩
ঘ. সুমির ব্যবসায় সফলভাবে পরিচালনা করার জন্য কী করা উচিত? মতামত দাও। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** দুটি পদ্ধতির মাধ্যমে ধারণাগুলো মূল্যায়ন করে প্রকল্প নির্বাচন করা হয়।

**খ** ব্যবসায় বা প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে উদ্যোক্তার নিয়ন্ত্রণ বহির্ভূত কিছু সাধারণ বা সামগ্রিক উপাদান দ্বারা প্রভাবিত পরিবেশ হলো সামষ্টিক পরিবেশ।

এ পরিবেশের উল্লেখযোগ্য উপাদান হচ্ছে— জনসংখ্যা, অর্থনৈতিক, প্রাকৃতিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও আইনগত পরিবেশ। এ উপাদানগুলো প্রতিষ্ঠানের বাহ্যিক পরিবেশের অন্তর্গত। এসব উপাদান সব ব্যবসায় বা শিল্প প্রতিষ্ঠানের কাজকে কম-বেশি প্রভাবিত করে। আর প্রকল্প নির্বাচনে সামষ্টিক পরিবেশের উপাদানগুলো যাচাই একটি প্রাথমিক পদক্ষেপ।

***সুপার টিপস:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ম্যাক্রোস্ক্রিনিং-এর অর্থনৈতিক দিকটি ব্যাখ্যা করো।

**ঘ** ব্যবসায় পরিচালনায় ম্যাক্রোস্ক্রিনিং-এর বাণিজ্যিক দিকটির ভূমিকা বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶ ৫** মি. কামাল একটি বলপেন উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। প্রতিষ্ঠানটি চালু করার প্রথম মাসে নিম্নোক্ত খরচগুলো হয়েছিল—

| বিবরণ | টাকা |
|---|---|
| অগ্রিম কারখানা ভাড়া | ৫০,০০০ টাকা |
| যন্ত্রপাতি ক্রয় | ৭০,০০০ টাকা |
| লাইসেন্স গ্রহণ | ১০,০০০ টাকা |
| চেয়ার, টেবিল ক্রয় | ২০,০০০ টাকা |
| কর্মচারীর বেতন | ১৫,০০০ টাকা |
| বিদ্যুৎ খরচ | ৫,০০০ টাকা |
| কালি ক্রয় | ৭,০০০ টাকা |
| কাঁচামাল ক্রয় | ১৩,০০০ টাকা |
| অন্যান্য খরচ | ৮,০০০ টাকা |
| মাস শেষে বিক্রীত বলপেনের মূল্য | ৫৫,০০০ টাকা |

◀ *শিখনফল-৩*

ক. প্রকল্প কী? ১
খ. সম আয়-ব্যয় বিশ্লেষণের গুরুত্ব আলোচনা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত মি. কামালের ব্যবসায়ের স্থায়ী ও চলতি মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. বর্তমানে মি. কামালের ব্যবসায়ের অবস্থান কি সন্তোষজনক? যুক্তিসহ মতামত দাও। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়নে প্রণীত পরিকল্পিত ও সুচিন্তিত কাজের পদ্ধতি হলো প্রকল্প।

**খ** সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থা, যেখানে প্রতিষ্ঠানের আয় ও ব্যয় সমান হয়।

এ বিশ্লেষণের মাধ্যমে জানা যায়, কী পরিমাণ পণ্য বিক্রি করলে ব্যবসায়ে লোকসান হবে না। এছাড়া এ বিন্দু বিশ্লেষণের মাধ্যমে পণ্যের মূল্য ও বিক্রয়ের পরিমাণ নির্ধারণ করা সহজ হয়। আবার, এর মাধ্যমে পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বাড়ানোর কার্যক্রম নেওয়া যায়। তাই ব্যবসায়ে সম আয়-ব্যয় বিশ্লেষণ প্রয়োজন।

***সুপার টিপস:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** স্থায়ী ও চলতি মূলধন নিরূপণের উপায় ব্যাখ্যা করো। (উত্তর: ১,৫০,০০০ ও ৪৮,০০০ টাকা)

**ঘ** প্রাক্কলিত লাভ/ক্ষতি নির্ণয়ের উপায় ব্যাখ্যা করো। (উত্তর: ক্ষতি ১,৪৩,০০০ টাকা)

**প্রশ্ন ▶ ৬** অনেক যত্ন ও গুরুত্ব সহকারে পরিকল্পনা করে ব্যবসায় শুরু করেন আজিম সাহেব। কাজ শুরু করার পর দেখা গেল লিজিং-এর মাধ্যমে যে যন্ত্র ব্যবহার করে উৎপাদন চলছিল তাতে উৎপাদনের পরিমাণ হিসাব থেকে অনেক কম হচ্ছে। এটি তার ব্যবসায়ের বাণিজ্যিক দিককে ক্ষতিগ্রস্ত করে। ◀ *শিখনফল-২*

ক. ব্যবসায়ের সাফল্য কিসের ওপর নির্ভর করে? ১
খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ করো। ২
গ. আজিম সাহেব মাইক্রোস্ক্রিনিং-এর কোন দিকটি বিবেচনা করেননি? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'আজিম সাহেবের ব্যবসায় পরিকল্পনায় মাইক্রোস্ক্রিনিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হয়নি'— বিশ্লেষণ করো। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ের সাফল্য নির্ভর করে সঠিক প্রকল্প নির্বাচনের ওপর।

**খ** সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থা, যেখানে প্রতিষ্ঠানের আয় ও ব্যয় সমান হয়।

এ বিশ্লেষণের মাধ্যমে জানা যায়, কী পরিমাণ পণ্য বিক্রি করলে ব্যবসায়ে লোকসান হবে না। এছাড়া এ বিন্দু বিশ্লেষণের মাধ্যমে পণ্যের মূল্য ও বিক্রয়ের পরিমাণ নির্ধারণ করা সহজ হয়। আবার, এর মাধ্যমে পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বাড়ানোর কার্যক্রম নেওয়া যায়। তাই ব্যবসায়ে সম আয়-ব্যয় বিশ্লেষণ প্রয়োজন।

***সুপার টিপস:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** মাইক্রোস্ক্রিনিং-এর কারিগরি দিকটির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

**ঘ** মাইক্রোস্ক্রিনিং-এর গুরুত্ব আলোচনা করো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. **কীভাবে প্রকল্পের সূচনা হয়?**
K পণ্যের চাহিদা থেকে
L উদ্যোক্তার আগ্রহ থেকে
M কারিগরি শিক্ষা থেকে
N নতুন প্রযুক্তি ব্যবহার করে

২. **"প্রত্যাশিত মুনাফা লাভ" মাইক্রোস্ক্রিনিংয়ের কোন উপাদানের অন্তর্ভুক্ত?**
K বাজার চাহিদা L কারিগরি দিক
M আর্থিক দিক N বাণিজ্যিক দিক

৩. **শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামাল কোন পরিবেশ থেকে আসে?**
K অর্থনৈতিক L প্রাকৃতিক
M রাজনৈতিক N সাংস্কৃতিক

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

| ব্যয় | টাকা | আয় | টাকা |
|---|---|---|---|
| কর্মচারীর বেতন | ২০,০০০ | পণ্য বিক্রয় | ১,২০,০০০ |
| পণ্য ক্রয় | ৫০,০০০ | | |
| মজুরি | ৫,০০০ | | |
| বিদ্যুৎ বিল | ২,০০০ | | |
| আসবাবপত্র | ৪০,০০০ | | |

৪. **কর্মচারীদের বেতন দেওয়ার জন্য কোন মূলধনের প্রয়োজন পড়ে?**
K স্থায়ী মূলধন L চলতি মূলধন
M স্থির মূলধন N অতিরিক্ত মূলধন

৫. **'ক' প্রতিষ্ঠানের প্রাক্কলিত লাভ/ক্ষতি কত?**
K ৪৩,০০০ লাভ L ৪৩,০০০ ক্ষতি
M ৩,০০০ লাভ N ৩,০০০ ক্ষতি

৬. **অর্থায়নের উপায় লিপিবদ্ধ থাকে কোথায়?**
K নিয়ন্ত্রণে L নির্দেশনায়
M সংগঠনে N পরিকল্পনায়

৭. **ব্যবসায় প্রকল্প প্রণয়নের পদক্ষেপ কোনটি?**
K মূলধন বিনিয়োগ L ধারণা চিহ্নিতকরণ
M কর্মী নির্বাচন N বাজার জরিপ

৮. **প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করার ক্ষেত্রে সহায়তা করে কোন পদ্ধতি?**
K মাইক্রোস্ক্রিনিং L ম্যাক্রোস্ক্রিনিং
M সমচ্ছেদ বিন্দু N নগদ প্রবাহ বিবরণী

৯. **আর্থিক দিকের বিষয়বস্তু হলো—**
i. প্রকল্পের ব্যয় নিরূপণ
ii. অর্থায়নের উপায়
iii. মূলধন বিনিয়োগ থেকে প্রাপ্ত সম্ভাব্য লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১০. **শিক্ষার হার মাইক্রোস্ক্রিনিংয়ের কোন উপাদানের অন্তর্ভুক্ত?**
K সামাজিক পরিবেশ
L অর্থনৈতিক পরিবেশ
M সাংস্কৃতিক পরিবেশ
N রাজনৈতিক পরিবেশ

১১. **সম-আয়-ব্যয় বিশ্লেষণ বলতে বোঝায় যখন—**
i. লাভ হয় না
ii. ক্ষতি হয় না
iii. লাভ হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১২. **প্রকল্পের বাণিজ্যিক উপাদান কোনটি?**
K প্রযুক্তি নির্ধারণ L বাজার যাচাই
M আনুমানিক লাভ N অর্থায়ন

১৩. **ব্যবসায় প্রকল্প প্রণয়নের শেষ ধাপ কোনটি?**
K প্রকল্প নির্বাচন
L প্রকল্পের সম্ভাব্যতা যাচাই
M প্রকল্পের প্রাক-সম্ভাব্যতা যাচাই
N ব্যবসায় প্রকল্প প্রতিবেদন প্রণয়ন

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব শামীম দীর্ঘদিন বিদেশে ছিলেন। সম্প্রতি দেশে ফিরে অতি অল্প সময়ের মধ্যে নিজ এলাকায় আধুনিক সাজে সজ্জিত একটি ফাস্টফুডের দোকান দেন। এলাকাটি জনবহুল হলেও অর্থনৈতিকভাবে অনগ্রসর। ফলে তার প্রত্যাশিত মাত্রায় মুনাফা অর্জিত হয়নি।

১৪. **জনাব শামীম ব্যবসায় শুরুর আগে কোন বিষয়টি বিবেচনা করেন নি?**
K বাজারের আকার L পণ্যের চাহিদা
M শিক্ষার হার N পণ্যের মান

১৫. **জনাব শামীমের ব্যবসায়ে প্রত্যাশিত সফলতা না আসার কারণ—**
i. ভোক্তার আয় কম
ii. সঠিক পণ্য নির্বাচন না করা
iii. বাজারের আকার ছোট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৬. **কোনটি প্রকল্প ধারণা তৈরিতে সাহায্য করে?**
K পরিকল্পনা L বুদ্ধি
M মেধা N সৃজনশীলতা

১৭. **মাইক্রোস্ক্রিনিং-এর কারিগরি দিকের অন্তর্ভুক্ত হলো—**
i. প্রযুক্তি নির্ধারণ
ii. যন্ত্রপাতি নির্বাচন
iii. প্রকল্প বাস্তবায়নের সহজসাধ্যতা পরীক্ষা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৮. **বিক্রয়মূল্য মাইক্রোস্ক্রিনিংয়ের কোন দিকের অন্তর্গত?**
K আর্থিক L কারিগরি
M বাণিজ্যিক N বাজারজাতকরণ

১৯. **কোনটি ম্যাক্রোস্ক্রিনিং-এর উপাদান?**
K বাজারজাতকরণ L প্রকল্প নির্বাচন
M পণ্য চিহ্নিতকরণ N অর্থনৈতিক পরিবেশ

২০. **ব্যবসায় পরিকল্পনার ক্ষেত্রে বাঞ্ছনীয় কোনটি?**
K শব্দ বাহুল্যতা
L টেকনিক্যাল শব্দ বাহুল্যতা
M সংক্ষিপ্ততা N দুর্বোধ্যতা

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রাজু একটি প্রকল্প চূড়ান্তভাবে নেওয়ার আগে তিনি ঐ প্রকল্পে যে পণ্য তৈরি হবে তা তৈরি করতে কীরূপ টাকা ব্যয় হবে, প্রতিটি পণ্য কত টাকায় বিক্রি করা হবে তা যাচাই করেছিলেন। কিন্তু তিনি কারিগরি দিক যাচাই না করার কারণে প্রকল্পটি চূড়ান্তভাবে নিতে পারছেন না।

২১. **জনাব রাজু প্রকল্প নেওয়ার ক্ষেত্রে মাইক্রোস্ক্রিনিংয়ের কোন দিকটি যাচাই করেছিলেন?**
K বাজার চাহিদা
L আর্থিক দিক
M জাতীয় অর্থনীতিতে অবদান
N বাণিজ্যিক দিক

২২. **জনাব রাজুর প্রকল্পটি চূড়ান্তভাবে নেওয়ার কারণ—**
i. প্রযুক্তি নির্ধারণ করেননি
ii. উৎপাদন প্রক্রিয়া নির্ধারণ করেননি
iii. অর্থায়নের উপায় নির্ধারণ করেননি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৩. **ভোক্তার আয় কোন পরিবেশের উপাদান?**
K রাজনৈতিক L অর্থনৈতিক
M সামাজিক N আইনগত

২৪. **ম্যাক্রোস্ক্রিনিংয়ের প্রাথমিক পদক্ষেপ কোনটি?**
K পণ্য নির্বাচন L স্থান নির্বাচন
M প্রকল্প নির্বাচন N কর্মী নির্বাচন

২৫. **কোনটি ভোক্তার জীবনযাত্রার মান দ্বারা প্রভাবিত হয়?**
K পণ্যের মান
L পণ্যের চাহিদা
M পণ্যের সংরক্ষণ
N পণ্যের উৎপাদন স্থান

২৬. **প্রকল্প ধারণার উৎস—**
i. ভোক্তা চাহিদা
ii. পরিসাংখিক তথ্য
iii. আমদানি হার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৭. **নগদ প্রবাহ বিবরণী সংরক্ষণের ভিত্তি কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

২৮. **ব্যবসায়ের ধারণা মূল্যায়ন করা হয় কোন পদ্ধতিতে?**
K ম্যাক্রোস্ক্রিনিং L মাইক্রোস্ক্রিনিং
M পরিকল্পনা N নিয়ন্ত্রণ

২৯. **প্রযুক্তি নির্ধারণ মাইক্রোস্ক্রিনিং-এর কোন উপাদানের অন্তর্ভুক্ত?**
K বাজার চাহিদা L কারিগরি দিক
M বাণিজ্যিক দিক N আর্থিক দিক

৩০. **প্রতিবেদনে যাচাই করা হয় প্রকল্পের কোন দিকটি?**
K সম্ভাবনা L বাস্তবতা
M যৌক্তিকতা N উদ্দেশ্য

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** মিসেস রোমানা জাহান একজন শিক্ষিত গৃহিণী। তিনি সৃজনশীল কিছু করার জন্য ফ্যাশন ডিজাইনিং-এর ওপর মহিলা অধিদপ্তরের অধীনস্থ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ নেন। তিনি ঢাকা শহরের অভিজাত এলাকার বুটিক হাউজ সম্পর্কে বিভিন্ন তথ্য সংগ্রহ করেন এবং 'অজানা ফ্যাশন' নামে একটি বুটিক হাউজ প্রতিষ্ঠা করেন। অল্প কিছুদিনের মধ্যেই তিনি ব্যবসায়ে সফলতা দেখতে পান।

ক. প্রকল্প কী? ১
খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত মিসেস রোমানা জাহানের প্রকল্প ধারণার উৎস কী? বর্ণনা করো। ৩
ঘ. 'প্রকল্প নির্বাচনের সময় অর্থনৈতিক পরিবেশ বিবেচনায় এনে মিসেস রোমানা জাহান সফল হয়েছেন'- উক্তিটি মূল্যায়ন করো। ৪

**২.▶** কাজল পাঁচ বছর পর ইতালি থেকে এদেশে এসেছেন। নিজে অনেক অর্থের মালিক হলেও গ্রামের আর্থ-সামাজিক অবস্থা ভালো নয়। কিছুদিন আগে পল্লী বিদ্যুৎ লাইন সংযোগ দেওয়া হয়েছে। কাজল আর বিদেশে যেতে চান না। তাই গ্রামের বাজারে একটি ফ্রিজ, টিভির দোকান দিলেন। ভেবেছেন যা আয় হবে তাতেই চলবে। কিন্তু এক বছর যেতে না যেতেই কাজল বড় ধরনের লোকসানের সম্মুখীন হলেন।

ক. প্রকল্প নির্বাচনের পদ্ধতি কয়টি? ১
খ. পরিকল্পনা কীভাবে ব্যবসায়ীকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছতে সাহায্য করে? ২
গ. কাজল ব্যবসায় স্থাপনে ম্যাক্রোস্ক্রিনিং-এর কোন দিকটি যাচাই করেননি তা বর্ণনা করো। ৩
ঘ. ব্যবসায়ের বর্তমান অবস্থার প্রেক্ষিতে কাজলের করণীয় বিশ্লেষণ করো। ৪

**৩.▶** রাঙামাটির রনি একটি ব্যবসায় প্রতিষ্ঠা করতে চান। তিনি বিভিন্ন উপাদান বিশ্লেষণ করে শহরের জনবহুল এলাকায় বিউটি পার্লার স্থাপন করেন। অন্যান্য পার্লারের তুলনায় তার পার্লারে গ্রাহকের ভিড় বেশি থাকে। কঠোর পরিশ্রম এবং মানসম্মত সেবা সরবরাহের মাধ্যমে তিনি পার্লারটির সফলতা নিশ্চিত করেন।

ক. পণ্য ধারণা কী? ১
খ. প্রকল্প ধারণার উৎসসমূহ লেখো। ২
গ. রনি ম্যাক্রোস্ক্রিনিং-এর কোন উপাদান বিশ্লেষণ করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. রনির ব্যবসায়ে ম্যাক্রোস্ক্রিনিং বিশ্লেষণ কতটা জরুরি ছিল বলে তুমি মনে করো? বর্ণনা দাও। ৪

**৪.▶** মি. মিরাজ একজন কাপড় ব্যবসায়ী। তিনি ব্যবসায়ের হিসাবের ক্ষেত্রে একটি বিবরণী তৈরি করেন, যা থেকে নগদ অর্থের বিষয়ে জানা যায়। এছাড়া একটি কৌশল অবলম্বন করে পণ্যের মূল্য নির্ধারণ করে বলে মুনাফা অর্জন করতে সুবিধা হয়।

ক. মাইক্রোস্ক্রিনিং কী? ১
খ. সম আয়-ব্যয় বিন্দু বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. মি. মিরাজ কেন বিবরণী প্রস্তুত করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিরাজের পণ্যমূল্য নির্ধারণ কৌশলটি বিশ্লেষণ করো। ৪

**৫.▶** নিধি এন্ড কোং-এর মালিক রিয়াজ একজন সফল ব্যবসায়ী। তিনি ভেবেচিন্তে লক্ষ্য স্থির করে কাজে হাত দেন। নতুন ধরনের পানীয় ফ্রিজ বাজারে ছাড়ার আগে কীভাবে ভোক্তার হাতে পৌঁছাবে তা নিয়ে একটি কর্মপরিকল্পনা তৈরি করলেন।

ক. প্রকল্পটি নির্বাচন পদ্ধতি কয়টি? ১
খ. ব্যবসায় সক্ষমতা যাচাই বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. নিধি এন্ড কোং-এর পরিকল্পনার কোন দিকটির কথা বলা হয়েছে তা বর্ণনা করো। ৩
ঘ. ব্যবসায়ী হিসেবে রিয়াজের সফলতার কারণ বিশ্লেষণ করো। ৪

**৬.▶** লতিফ নিজ এলাকায় একটি মুদি দোকান প্রতিষ্ঠা করলেন। কিন্তু ক্রমাগত ক্ষতি হওয়ায় তিনি ব্যবসায় পরিবর্তন করে ফাস্টফুডের দোকান দেওয়ার কথা চিন্তাভাবনা করলেন। কোথায় পুঁজি বিনিয়োগ করলে তা থেকে কীভাবে বেশি মুনাফা আসবে তা তিনি চিন্তা করতে থাকলেন। ব্যবসায় পরিবর্তনের ফলে তার প্রচুর লোকসান হলো। কারণ তিনি তার আগের ব্যবসায়ের সম-আয়-ব্যয় বিশ্লেষণ করেননি। আয়-ব্যয় বিবরণীও তৈরি করেননি।

ক. পরিকল্পনা কী? ১
খ. আয়-ব্যয় বিবরণী বলতে কী বোঝ? ২
গ. লতিফের ব্যবসায় ক্ষতির কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. 'লফিত অবশেষে বুঝতে পারলো পরিকল্পনাবিহীন ব্যবসায় মাঝিবিহীন নৌকার মতো'— মূল্যায়ন করো। ৪

**৭.▶** জনাব আশরাফ ৫০০টি আলমারি তৈরির জন্য কাঠ কেনেন ১,০০,০০০ টাকার। কাঠমিস্ত্রির মজুরি দিলেন ৫০,০০০ টাকা, কারখানার বিদ্যুৎ খরচ ২,০০০ টাকা, ম্যানেজারের বেতন ১৫,০০০ টাকা, বিজ্ঞাপন খরচ ২,০০০ টাকা।

ক. প্রকল্প ধারণা মূল্যায়ন কী? ১
খ. ব্যবসায় প্রকল্প প্রণয়নের প্রথম পদক্ষেপটি ব্যাখ্যা করো। ২
গ. জনাব আশরাফের ৫০০টি আলমারি তৈরির উৎপাদন ব্যয় নিরূপণ করো। ৩
ঘ. জনাব আশরাফের মোট ব্যয়ের ওপর ২০% মুনাফা ধরে প্রতিটি আলমারির বিক্রয়মূল্য বের করো। ৪

**৮.▶** মি. জামান লালমনিরহাট জেলার একজন সফল আনারস ব্যবসায়ী। ক্রেতা বাজার সম্পর্কে বিভিন্ন তথ্য নিয়ে আনারসের জুস কারখানা তৈরি করে সফলতা লাভ করেন। অন্যদিকে তার বন্ধু সোহান কোনো চিন্তা না করেই কুমিল্লায় একই ধরনের কারখানা স্থাপন করে ব্যর্থ হলেন।

ক. ম্যাক্রোস্ক্রিনিং কী? ১
খ. প্রকল্প ধারণা চিহ্নিতকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মি. জামান প্রকল্প নেওয়ার আগে কী কাজ করলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে সোহানের ব্যর্থতার কারণ বিশ্লেষণ করো। ৪

**৯.▶** জি ফুড কোম্পানি কোনো পণ্য উৎপাদনে অনুমান করে যে, স্থায়ী ব্যয় ১,০০,০০০ টাকা। কোম্পানির একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ২ পর্বে যথাক্রমে ১০০ টাকা ও ৫০ টাকা এবং প্রতি একক বিক্রয়মূল্য ২০০ টাকা হলে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

ক. সম আয়-ব্যয় বিন্দু কী? ১
খ. BEP(U) কত? ২
গ. ১০,০০০ টাকা মুনাফা করতে চাইলে প্রতিষ্ঠানটিকে কতটি পণ্য বিক্রয় করতে হবে? ৩
ঘ. যদি জি ফুড কোম্পানি ৫০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে প্রতি একক পণ্য কত টাকা দরে বিক্রয় করতে হবে? ৪

**১০.▶** মি. 'X' ২ বছর আগে এম. কম পাস করেছেন। তিনি চাকরির চেষ্টা করে একটা চাকরির ব্যবস্থা করতে পারেননি। তাই তিনি নতুন কিছু করার চিন্তা করে ফ্যাশন ডিজাইনের ওপর প্রশিক্ষণ নেন। এরপর ঢাকা শহরের সাভার এলাকায় বুটিক হাউজ সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ করেন। একটি বুটিক হাউজ দেন এবং তিনি সফল হন।

ক. প্রকল্পের যথার্থতা যাচাইয়ের উপায় কয়টি? ১
খ. চলতি মূলধন বলতে কী বোঝায়? ২
গ. মি. 'X'-এর প্রকল্প ধারণার উৎস কোনটি? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. 'X'-এর ব্যবসায়ে সফলতার পেছনে যেসব কারণ রয়েছে তা বিশ্লেষণ করো। ৪

**১১.▶** বিডি ফুড. লি. নতুন স্বাদের একটি পটেটো চিপস বাজারে ছাড়তে চায়। চিপস প্রস্তুত করার জন্য কাঁচামাল সংগ্রহ থেকে শুরু করে বিক্রয়মূল্য নির্ধারণ পর্যন্ত সামগ্রিক বিষয় সম্পর্কে একটি সুনির্দিষ্ট দিক-নির্দেশনা প্রস্তুত করা হয়। কোম্পানি মনে করে এতে তাদের লক্ষ্য পূরণ হবে।

ক. ব্যবসায় প্রকাশ প্রণয়নের শেষ ধাপ কোনটি? ১
খ. প্রকল্প প্রতিবেদন কী? ব্যাখ্যা করো। ২
গ. চিপস প্রস্তুতের আগে কোম্পানি কোন কাজটি করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে কোম্পানির নেওয়া পদক্ষেপের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | N | ৩ | L | ৪ | L | ৫ | M | ৬ | N | ৭ | L | ৮ | K | ৯ | N | ১০ | M | ১১ | K | ১২ | M | ১৩ | N | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | N | ১৮ | M | ১৯ | N | ২০ | M | ২১ | N | ২২ | K | ২৩ | L | ২৪ | M | ২৫ | L | ২৬ | K | ২৭ | L | ২৮ | K | ২৯ | L | ৩০ | K |